

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১২২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدِّمًا أَوْ مُؤَخَّرًا)

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন শ্রোতাকে এই সংশয়ে ফেলে দেয় যে, যার জন্য বিলাপ করা হয়, তাকে মৃত্যুর পর শাস্তি দেওয়া হয়

ذَكَرُ خَبَرٍ أَوْ هُمْ بَعْضَ الْمُسْتَمْعِينَ أَنَّ مَنْ نِيحَ عَلَيْهِ عُذِّبَ بَعْدَ مَوْتِهِ

আরবী

3122 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتِ بْنِ الْبُنَانِيِّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ: أَنَّ عُمَرَ لَمَّا طُعِنَ أُعُولَتْ عَلَيْهِ حَفْصَةُ فَقَالَ: لَهَا عُمَرُ: يَا حَفْصَةُ أَمَا سَمِعْتَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّ الْمُعُولَ عَلَيْهِ يُعَذَّبُ؟) فَقَالَتْ: بَلَى.

الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3122 | خلاصة حكم المحدث: حسن صحيح - ((أحكام الجنائز)) (40).

বাংলা

৩১২২. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন উমার রাদিয়াল্লাহু আনহুকে আঘাত করা হয়, তখন হাফসা রাদিয়াল্লাহু আনহা ‘হায় দুর্ভোগ’ বলেন। তখন উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, “তুমি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনোনি, তিনি বলেছেন, “যার জন্য ‘হায় দুর্ভোগ’ বলা হয়, তাকে শাস্তি দেওয়া হয়?” তখন তিনি জবাবে বলেন, “জী, হ্যাঁ।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ১০; মুসনাদ আহমাদ: ১/৩৯; সহীহ মুসলিম: ৯২৭; সুনান বাইহাকী: ৪/৭২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৮৯; সহীহুল বুখারী: ১২৯২; নাসাঈ: ৪/১৬-১৭; ইবনু মাজাহ: ১৫৯৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ৪০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92452>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন